

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ইলমে হাদীস বিষয়ে যিনি ভালভাবে জ্ঞান অর্জন করেননি এমন ব্যক্তিকে নিম্নোক্ত হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত হাদীসগুলোর বিপরীত

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْسِنْ طَلَبَ الْعِلْمِ مِنْ مَظَانِّهِ أَنَّهُ مُضَادُّ لِلْأَخْبَارِ الَّتِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَنْبَأَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعِ عَنِ ابْنِ عُمَرَ: "أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى فِي بَعْضِ مَغَازِيهِ امْرَأَةً مَقْتُولَةً فَأَنْكَرَ دُلك ونهى عن قتل النساء والصبيان"

الراوي: أَبو هُرَيْرَةَ | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 135 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط الشيخين

বাংলা

১৩৫. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন এক যুদ্ধে একজন নিহত নারীকে দেখলেন, অতঃপর তিনি এটাকে খুবই অপছন্দ করলেন এবং নারী ও শিশুদের হত্যা করতে নিষেধ করেন।[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩০৪১; সহীহ মুসলিম: ১৭৪৪; আবু দাউদ: ২৬৬৮; তিরমিযী: ১৫৬৯; মুয়ান্তা মালিক: ২/৬; মুসনাদ আহমাদ: ২/৩৪; ইবনু মাজাহ: ২৮৪১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১২/৩৮১; বাইহাকী: ৯/৭৭; দারেমী: ২/২২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়া: ১২১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন